

# ফুলগাজী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন

## মুহুরী সেচ প্রকল্প

## ফুলগাজী, ফেনী।

রেজি: নং পিইও-কুমিল্লা/এসো-১৫/৬৭১

সভাপতি: আবদুর রহমান মজুমদার

সাধারণ সম্পাদক: সফিকের রহমান

স্মারক নং : ০৯/২০২১

তারিখ : ১৪/১২/২০২১ইং

### ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

অদ্য ১৪/১২/২০২১ইং রোজ- মঙ্গলবার বিকাল-৪.০০ ঘটিকায় ফুলগাজী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন মুহুরী সেচ প্রকল্প, ফুলগাজী, ফেনী ব্যবস্থাপনা কমিটির সভা মুন্সিরহাটস্থ এসোসিয়েশন কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব আবদুর রহমান মজুমদার।

সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক সফিকের রহমান।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো: ইনামুর রহমান, মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, কুমিল্লা

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ফেনী জনাব মো: মমিনুল ইসলাম ভূঁইয়া।

সাধারণ সম্পাদক সফিকের রহমান বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা জনাব মো: ইনামুর রহমান ফুলগাজী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর নির্বাচনের উদ্যোগ গ্রহণ করার ব্যবস্থাপনা কমিটিকে ধন্যবাদ জানান। তিনি ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের বিধিবিধান সমূহ তুলে ধরেন।

উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা জনাব মো: মমিনুল ইসলাম ভূঁইয়া ব্যবস্থাপনা কমিটি নির্বাচনে বিধিমালা-২০১৪ অনুযায়ী সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি WMO-RIMS প্রকল্পের আওতায় প্রথম নির্বাচনের সফলতা কামনা করেন।

উপস্থিত ব্যবস্থাপনা কমিটির কর্মকর্তা ও কার্যকরী সদস্যগণ আলোচ্যসূচীর উপর তাদের খোলামেলা মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় -

সিদ্ধান্ত (১) সভায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত (২) সভায় খসড়া ভোটার তালিকায় ছোটখাট কিছু সংশোধনী পূর্বক ২০ জন সদস্যের চূড়ান্ত ভোটার তালিকা অনুমোদন করা হয়।


সিদ্ধান্ত (৩) সভায় ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের লক্ষ্যে নিম্নোক্ত ৩ (তিন) সদস্যের নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়।

১। মো: আবদুর রহিম মাস্টার - আহ্বায়ক, সহকারী শিক্ষক, পৈথারা উচ্চ বিদ্যালয়, ফুলগাজী, ফেনী।

২। মো: জাহাঙ্গীর আলম মাস্টার - সদস্য, সহকারী শিক্ষক, বঙ্গুয়া দৌলতপুর উচ্চ বিদ্যালয়, ফুলগাজী, ফেনী।

৩। ছায়েদুল হক আজাদ - সদস্য, সমাজসেবক, জিএমহাট, ফুলগাজী, ফেনী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( আবদুর রহমান মজুমদার )

সভার সভাপতি

ও

সভাপতি

মোবাইল- ০১৮৫২৫৯৩৩৩০